দৈনিক ইনকিলাব

তারিখ ... 09 MAR 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

পাঠ্যপুস্তকের গেজেট প্রকাশে বিলম্ব

# মাধ্যমিক স্কুলে প্রথম সাময়িক পরীক্ষা গ্রহণ অনিশ্চিত

।। মোঃ আবদুর রহিম ।।

বাংলাদেশ স্কুল টেক্সটবুক বোর্ড মাধ্যমিক পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্যে পাঠ্যপুস্তকের গেজেট প্রকাশে বিলম্ব করায় দেশের সকল মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক স্কুলে প্রথম সাময়িক পরীক্ষা গ্রহণ অনিশ্চিত হয়ে পড়েছে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর আগামী ২৩ মে থেকে দেশের সকল মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে প্রথম সাময়িক পরীক্ষা গ্রহণের তারিখ নির্ধারণ করে দিয়েছে। কিন্তু টেক্সটবুক বোর্ড পাঠ্যপুস্তকের গেজেট প্রকাশ করতে বিলম্ব করায় স্কুলসমূহে মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক শ্রেণীর ছাত্র-ছাত্রীদের শ্রেণী কক্ষে শিক্ষাদান যথার্থ অর্থে সম্ভব হয়নি। তাছাড়া গেজেট প্রকাশে বিলম্বের কারণে শিক্ষাদান বিঘ্নিত হওয়ায় স্কুলসমূহে প্রথম সাময়িক পরীক্ষা গ্রহণ সম্ভব হচ্ছে না। আর পরীক্ষা নিলেও শিক্ষাদান ছাড়া এ পরীক্ষা হবে ছাত্র-ছাত্রীদের জন্যে একটি

৭-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## মাধ্যমিক স্কুল

প্রথম পৃষ্ঠার পর

প্রহসন মাত্র। কারণ অনুসন্ধান করে জানা গেছে, গত ২৩ ফেব্রুয়ারী টেক্সটবুক বোর্ড কর্তৃক পাঠ্যপুস্তকের গেজেট প্রকাশ করার পর পরই ২৫ মার্চ হতে সংসদ নির্বাচন উপলক্ষে স্কুলসমূহ বন্ধ হয়ে যায় এবং গত ৪ মার্চ স্কুলসমূহ পুনরায় খুলেছে। স্কুলসমূহ খোলার পর অধিকাংশ স্কুলে এখনও সিলেবাস তৈরী এবং তা ছাত্র-ছাত্রীদের মধ্যে বিতরণ সম্ভব হয়নি। এ প্রক্রিয়া শেষ হতে আরো কিছুদিন সময় লাগবে বলে বিভিন্ন স্কুল সূত্রে জানা গেছে।

এমনি এক পর্যায়ে এসে যখন স্কুলসমূহে শিক্ষাদান সবেমাত্র শুরু হয়েছে ঠিক সে মুহূর্তে আগামী ১৬ মার্চ হতে পবিত্র রমজান উপলক্ষে স্কুলসমূহ বন্ধ হয়ে যাওয়ার প্রেক্ষাপট সৃষ্টি হয়েছে। রমজানের ছুটির পর এপ্রিলের শেষ নাগাদ স্কুলসমূহ পুনরায় খোলার পর আগামী ৩ মে হতে শুরু হবে এসএসসি পরীক্ষা। এর ফলে বহু স্কুল পুনরায় বন্ধ হয়ে যাবে। পরীক্ষা শেষে মে মাসের শেষ সপ্তাহে স্কুলসমূহ খোলার পর পরই শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত ২৩ মে থেকে প্রথম পরীক্ষা শুরু করতে হবে। এমতাবস্থায় মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক শ্রেণীর ছাত্র-ছাত্রীদের প্রথম সাময়িক পরীক্ষা গ্রহণের পূর্বে তাদের শ্রেণী কক্ষে পাঠদানের ক্ষেত্রে ২৫ শতাংশ অগ্রগতির সম্ভাবনাও ক্ষীণ।

অবস্থার বিপাকে পড়ে বহু স্কুল শুধু একটি মাসিক পরীক্ষা গ্রহণ করে সে ক্ষেত্রে ছাত্র-ছাত্রীদের প্রাপ্ত নম্বরকে কয়েকগুণ বৃদ্ধি করে লক্ষ্যমাত্রায় নিয়ে গিয়ে সে পরীক্ষাকে প্রথম সাময়িক পরীক্ষা হিসেবে চালিয়ে দেয়ার চিন্তা-ভাবনা করছে।

এমতাবস্থায় সংশ্লিষ্ট মহলের মত হচ্ছে, মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক শ্রেণীর ছাত্র-ছাত্রীদের শ্রেণী কক্ষে শিক্ষাদান এবং প্রথম সাময়িক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত জটিলতার বিষয়টি নিয়ে চিন্তা-ভাবনা করে শিক্ষা অধিদপ্তরকে জরুরী ভিত্তিতে একটি সিদ্ধান্তে উপনীত হতে হবে।